**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৪/২০১৯-২০২০**
**ঢাকা, ১৭ জুলাই বুধবার ২০১৯, ২ শ্রাবণ ১৪২৬**
**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। চেইন অভ্ কমান্ড মেনে কাজ করতে পিজিআর সদস্যদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান
২। একনেক বৈঠকে ৮ প্রকল্প অনুমোদন
নতুন করে ডেমু ট্রেন না কেনার নির্দেশ প্রধানমন্ত্রীর
৩। প্রধানমন্ত্রী 'বেনাপোল এক্সপ্রেস' ট্রেনের উদ্বোধন করবেন আজ
৪। বাংলাদেশ নারী ক্ষমতায়নের প্রকৃষ্ট উদাহরণ : জাতিসংঘে স্পিকার
৫। লক্ষ্যমাত্রার চেয়ে ৫.৩৯ শতাংশ বেশি রফতানি প্রবৃদ্ধি : সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী
৬। আদালতে নিরাপত্তা জোরদার করা হয়েছে : বিজিবি সদরদপ্তরে স্বরাষ্ট্রমন্ত্রী
৭। জেলা পর্যায়ে এসএমই ঋণ সহায়তায় কমিটি হবে : ডিসি সম্মেলনে শিল্পমন্ত্রী
৮। ভেজাল নিয়ন্ত্রণে জিরো টলারেন্সে সরকার : ডিসি সম্মেলনে মন্ত্রীদের নির্দেশনা
৯। ডিসিদের সঙ্গে যোগাযোগে অ্যাটর্নি জেনারেল অফিসে সেল গঠন করা হবে : ডিসি সম্মেলনে আইনমন্ত্রী
১০। ২৫-৩১ জুলাই মশক নিধন সপ্তাহ পালন করবে স্থানীয় সরকার বিভাগ
১১। শিশুশ্রম নিরসনে ডিসিদের সহযোগিতা চাইলেন শ্রম প্রতিমন্ত্রী
১২। বঙ্গবন্ধুই প্রথম দেশে নারীদের ক্ষমতায়ন করেন : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী
১৩। আজ এনআইডি যাচাইয়ের গেটওয়ে 'পরিচয়' উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা
১৪। ঈদুল আজহা পর্যন্ত সীমান্তপথে দেশে গবাদি পশু প্রবেশ নিষিদ্ধ : মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
১৫। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
১৬। এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আজ

চলমান পাতা-২

১। **চেইন অভ্ কমান্ড মেনে কাজ করতে পিজিআর সদস্যদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

চেইন অভ্ কমান্ড মেনে অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করতে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) ঢাকা সেনানিবাসে পিজিআরের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

২। **একনেক বৈঠকে ৮ প্রকল্প অনুমোদন**
**নতুন করে ডেমু ট্রেন না কেনার নির্দেশ প্রধানমন্ত্রীর**

ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক উন্নয়নসহ ৮ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে ব্যয় হবে ৫ হাজার ১৪২ কোটি ৬ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৪ হাজার ২৯ কোটি ৮১ লাখ টাকা এবং বৈদেশিক ঋণ থেকে ১ হাজার ১২ কোটি ২৫ লাখ টাকা খরচ করা হবে। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এ ছাড়া কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাইটেক পার্ক এবং ঢাকার মধ্যে শাটল ট্রেন চালুর লক্ষ্যে নতুন করে আরো ডেমু ট্রেন সংগ্রহ করার প্রকল্প জাতীয় অর্থনৈতিক পরিষদের বৈঠকে (একনেক) উত্থাপন করা হলে তা পাশ না করে সংশোধন করে আনার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) একনেক বৈঠক শেষে পরিকল্পনা বিভাগের সচিব মো. নূরুল আমিন সাংবাদিকদের এ তথ্য জানান। হাইটেক পার্কে যাতায়াতের জন্য ঢাকা থেকে কালিয়াকৈর পর্যন্ত বিরতিহীন ট্রেন চালুরও নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। তাছাড়া হাইটেক পার্কটিতে খেলাধুলা, বিনোদন এবং শপিংমল তৈরির নির্দেশ দিয়েছেন তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রী 'বেনাপোল এক্সপ্রেস' ট্রেনের উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৭ জুলাই বুধবার) তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন এবং বর্ধিত ট্রেন বেনাপোল-ঢাকা-বেনাপোল রুটে আন্তঃনগর 'বেনাপোল এক্সপ্রেস' ট্রেনের উদ্বোধন করবেন। একই দিন প্রধানমন্ত্রী ঢাকা-রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জ রুটে বিরতিহীন আন্তঃনগর 'বনলতা এক্সপ্রেস' ট্রেনও উদ্বোধন করবেন। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) রেল মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, নতুন ট্রেনের ব্যবহৃত ব্রডগেজ কোচসমূহ এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে 'বাংলাদেশ রেলওয়ের জন্য মিটারগেজ ও ব্রডগেজ প্যাসেঞ্জার ক্যারেজ সংগ্রহ' শীর্ষক প্রকল্পের আওতায় ইন্দোনেশিয়া হতে সংগৃহীত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৪ । **বাংলাদেশ নারী ক্ষমতায়নের প্রকৃষ্ট উদাহরণ : জাতিসংঘে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশে লিঙ্গসমতা অর্জন ও নারীর ক্ষমতায়নের জন্য জাতীয় নারী উন্নয়ন নীতি প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ জাতীয় সংসদ নারী ক্ষমতায়নের প্রকৃষ্ট উদাহরণ। গত ১৫ জুলাই সোমবার জাতিসংঘ সদর দফতরে 'টেকসই বিশ্বের জন্য লিঙ্গসমতা ও নারী নেতৃত্ব' শিরোনামে লিঙ্গসমতা বিষয়ক বৈশ্বিক নেতাদের সভায় 'টেকসই উন্নয়নের জন্য লিঙ্গসমতা ও একীভূত সমাজ' শীর্ষক প্যানেল আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৫। **লক্ষ্যমাত্রার চেয়ে ৫.৩৯ শতাংশ বেশি রফতানি প্রবৃদ্ধি : সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী**

বিদায়ী ২০১৮-১৯ অর্থবছরে রফতানি আয়ে লক্ষ্যমাত্রা ছিল ৪৪ বিলিয়ন মার্কিন ডলার। লক্ষ্যমাত্রার চেয়ে আয় হয়েছে ৫ দশমিক ৩৯ শতাংশ। এ প্রবৃদ্ধি ১৫ শতাংশে নিয়ে যেতে চান বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ২০১৮-১৯ অর্থবছরে রফতানি আয়ে লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্জন উপলক্ষে সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, ২০১৮-১৯ অর্থবছরে পণ্য ও সেবা রফতানি করে ৪৬ দশমিক ৩৭ বিলিয়ন মার্কিন ডলার আয় করেছে বাংলাদেশ। রফতানির এ আয় ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ১৩ দশমিক শূন্য ৬ শতাংশ বেশি। রফতানি বাণিজ্যকে সহজীকরণ ও বিভিন্ন ধরনের প্রণোদনা ও সহযোগিতার মাধ্যমে সরকার রফতানি বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে। সূত্র : **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**৬ । আদালতে নিরাপত্তা জোরদার করা হয়েছে : বিজিবি সদরদপ্তরে স্বরাষ্ট্রমন্ত্রী**

কুমিল্লায় আদালতের এজলাসে বিচারকের সামনেই এক আসামির ছুরিকাঘাতে আরেক আসামি খুনের ঘটনায় আদালতের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। ঐ ঘটনায় নিরাপত্তাজনিত কোনো ধরনের গাফিলতি ছিল কি না তাও খতিয়ে দেখা হচ্ছে। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) বিজিবি সদরদপ্তরে আয়োজিত এক পদক প্রদান অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এসব কথা বলেন। পিলখানার বিজিবি সদর দপ্তরের বীরউত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে বিজিবি সদস্যদের বীরত্বপূর্ণ ও কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ বর্ডার গার্ড বাংলাদেশ পদক, রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক, বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা এবং রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা ২০১৮ প্রদান করেন স্বরাষ্ট্রমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৭। জেলা পর্যায়ে এসএমই ঋণ সহায়তায় কমিটি হবে : ডিসি সম্মেলনে শিল্পমন্ত্রী**

জেলা পর্যায়ে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) বিকাশে উদ্যোক্তাদের প্রয়োজনীয় ঋণ সহায়তা দিতে একটি কমিটি গঠন করা হবে। এ কমিটি নারীদের প্রতি বিশেষ মনোযোগসহ এসএমই উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ দেওয়ার বিষয়টি তদারকি করবে। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) মন্ত্রিপরিষদের সম্মেলনকক্ষে জেলা প্রশাসক সম্মেলনে শিল্প মন্ত্রণালয়বিষয়ক আলোচনায় এ বিষয় তুলে ধরা হয়। প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকদের প্রতি পরামর্শ দেয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৮। ভেজাল নিয়ন্ত্রণে জিরো টলারেন্সে সরকার : ডিসি সম্মেলনে মন্ত্রীদের নির্দেশনা**

মানুষ যাতে ভেজালমুক্ত খাবার খেতে পারে সে জন্য ডিসিদের আরো কঠোর হওয়ার নির্দেশ দিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে জেলা প্রশাসক সম্মেলনের তৃতীয় দিনের প্রথম অধিবেশনে মন্ত্রী এ নির্দেশনা দেন। খাদ্য মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সঙ্গে জেলা প্রশাসকদের এ কার্যঅধিবেশন হয়। এতে প্রত্যেক জেলায় নিরাপদ খাদ্যের অফিস হবে বলে জানান খাদ্যমন্ত্রী। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ডিসিদের জানান, সরকার ভেজাল ও নকল নিয়ন্ত্রণে 'জিরো টলারেন্স' নীতিতে এগোচ্ছে। সে জন্যই নিরাপদ খাদ্য নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত যাতে সারা বছর চলে এবং বাজার মনিটরিং করা হয় সে বিষয়ে খেয়াল রাখতে ডিসিদের নির্দেশ দেন তিনি। অধিবেশনে কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহে জেলা প্রশাসকদের কার্যক্রম জোরদার করার নির্দেশও দেন খাদ্যমন্ত্রী। বন্যায় খাদ্য সংকটের আশঙ্কা আছে কিনা জানতে চাইলে খাদ্যমন্ত্রী বলেন, খাদ্য ও ত্রাণের পর্যাপ্ত মজুদ আছে। যে কোনো অবস্থা মোকাবিলা করতে সরকার প্রস্তুত আছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৯। ডিসিদের সঙ্গে যোগাযোগে অ্যাটর্নি জেনারেল অফিসে সেল গঠন করা হবে : ডিসি সম্মেলনে আইনমন্ত্রী**

উচ্চ আদালতে দায়ের হওয়া সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলাগুলোর বিষয়ে জেলা প্রশাসকদের দ্রুত অবগত করতে এবং তাদের সঙ্গে যোগাযোগ বাড়াতে ৫-৭ জন সহকারী অ্যাটর্নি জেনারেলের সমন্বয়ে অ্যাটর্নি জেনারেল অফিসে একটি সেল গঠন করা হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, এতে অ্যাটর্নি জেনারেল অফিসের সঙ্গে জেলা প্রশাসকদের যোগাযোগ বৃদ্ধির পাশাপাশি মামলা দ্রুত নিস্পত্তির একটা ব্যবস্থা হবে। গতকাল (১৭ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ কক্ষে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত অধিবেশেনে প্রধান অতিথির বক্তৃতা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। শিশুশ্রম নিরসনে ডিসিদের সহযোগিতা চাইলেন শ্রম প্রতিমন্ত্রী**

নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনে জেলা প্রশাসকদের (ডিসি) সহযোগিতা চাইলেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) মন্ত্রিপরিষদ সভাকক্ষে জেলা প্রশাসক সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ সহযোগিতা চান। শ্রম প্রতিমন্ত্রী বলেন, ২০২১ সালে মধ্যম আয়ের দেশে নিরাপদ কর্মক্ষেত্র, ২০৩০ সালের মধ্যে শিশুশ্রম মুক্ত, ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়তে জেলা প্রশাসকদের বড় ভূমিকা পালন করতে হবে। বিশেষ করে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনে ডিসিসহ প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তাদের পাশে পাবেন বলে তিনি আশা করেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১১। ২৫-৩১ জুলাই মশক নিধন সপ্তাহ পালন করবে স্থানীয় সরকার বিভাগ**

ডেঙ্গু থেকে রক্ষায় আগামী ২৫-৩১ জুলাই পর্যন্ত মশক নিধন সপ্তাহের আয়োজন করছে স্থানীয় সরকার বিভাগ। মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহের স্লোগান নির্ধারণ করা হয়েছে- 'নিজ আঙ্গিনা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি।' গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে দেশব্যাপী 'মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ-২০১৯' পালনের প্রস্তুতিমূলক সভা শেষে এ তথ্য জানান স্থানীয় সরকারমন্ত্রী মো. তাজুল ইসলাম। সূত্র : **সংবাদ** (শেষ পৃ. ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫)।

**১২। বঙ্গবন্ধুই প্রথম দেশে নারীদের ক্ষমতায়ন করেন : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেছা ইন্দিরা এমপি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপলব্ধি করেছিলেন দেশের জনসংখ্যার অর্ধেক নারীকে বাদ দিয়ে সার্বিক উন্নয়ন সম্ভব নয়। সেজন্য তিনি নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নের ওপর গুরুত্ব আরোপ করেছিলেন। জাতির পিতাই প্রথম বাংলাদেশে নারীদের রাজনীতির সুযোগ করে দিয়েছিলেন। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) বেইলি রোডে জাতীয় মহিলা সংস্থার বেগম ফজিলাতুন নেছা মুজিব মিলনায়তনে 'অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন' প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থীদের মাঝে ভাতা ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ৭,ক.১)।

**১৩। আজ এনআইডি যাচাইয়ের গেটওয়ে 'পরিচয়' উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা**

সহজে এবং দ্রুত জাতীয় পরিচয়পত্র (এনআইডি) যাচাইয়ের গেটওয়ে www.porichoy.gov.bd উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। আজ (১৭ জুলাই বুধবার) বিকেল তিনটায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এক অনুষ্ঠানের মাধ্যমে এ সেবার উদ্বোধন করবেন তিনি। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। 'পরিচয়' হচ্ছে একটি গেটওয়ে সার্ভার; যা নির্বাচন কমিশনের জাতীয় ডাটা বেসের সঙ্গে সংযুক্ত। এটি এমন একটি অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং যা সরকারি-বেসরকারি বা ব্যক্তিগত যেকোন সংস্থার গ্রাহকদের, তাদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) যাচাই করে নিমিষেই সেবা দিতে পারবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

**১৪ । ঈদুল আজহা পর্যন্ত সীমান্তপথে দেশে গবাদি পশু প্রবেশ নিষিদ্ধ : মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

খামারিরা যাতে গবাদিপশুর ন্যায্যমূল্য পায় তা নিশ্চিত করতে আগামী ঈদুল আজহা পর্যন্ত দেশের বাইরে থেকে গবাদিপশুর প্রবেশ নিষিদ্ধ করেছে সরকার। গতকাল (১৬ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরুর সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় জানানো হয়, দেশ এখন মাংসে স্বয়ংসম্পূর্ণ। দেশের পশুবিক্রেতাদের স্বার্থে ঈদুল আজহা পর্যন্ত সীমান্তপথে বৈধ-অবৈধ সবধরনের গবাদিপশুর অনুপ্রবেশ বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বছর ঈদুল আজহায় ১ কোটি ১০ লাখ পশুর কোরবানি হতে পারে বলে সভায় জানানো হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**১৫। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

'মাছ চাষে গড়বো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ' স্লোগানে আজ (১৭ জুলাই বুধবার) দেশব্যাপী শুরু হচ্ছে 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯'। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তাঁর বাণীতে বলেন, সরকারের গৃহীত উন্নয়নমূলক কার্যক্রমের ধারাবাহিকতায় দেশ আজ মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, মৎস্যখাত বর্তমান সরকারের একটি অন্যতম অগ্রাধিকারভুক্ত খাত। দেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে সরকার এ খাতে পরিকল্পিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১৬। এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আজ**

আজ (১৭ জুলাই বুধবার) এইচএসসি ও সমমান পরীক্ষার ফল সারাদেশে একযোগে প্রকাশ করা হবে। দুপুর ১টায় শিক্ষার্থীরা আনুষ্ঠানিকভাবে নিজ কলেজ ও মাদ্রাসা থেকে এ ফল জানতে পারবে। এছাড়া এসএমএস ও অনলাইনেও ফল জানা যাবে। সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের অনুলিপি হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। পরে সংবাদসম্মেলন করে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল ঘোষণা করবেন প্রধানমন্ত্রী। এছাড়া সাড়ে ১২টায় সংবাদসম্মেলনে ফলের বিস্তারিত প্রকাশ করবেন শিক্ষামন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ২০২১ সাল হতে সকল বিদ্যালয় ও মাদ্রাসায় কারিগরি শিক্ষা বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করার কথা উল্লেখ করে কর্মমুখী শিক্ষায় গুরুত্ব প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও জাতীয় অগ্রগতিকে ত্বরান্বিত করা সম্ভব বলে মতপ্রকাশ।

খ. **যায়যায়দিন, ভোরের কাগজ, যুগান্তর :** সিরাজগঞ্জের উল্লাপাড়ায় একটি অরক্ষিত লেভেল ক্রসিংয়ে উঠে পড়া বরযাত্রীবাহী মাইক্রোবাসে ট্রেনের ধাক্কায় বর কনেসহ ১০ জনের মৃত্যু হয়েছে উল্লেখ করে অরক্ষিত রেলক্রসিংয়ের ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলে বন্যা পরিস্থিতির খবরে উদ্বেগ প্রকাশ করে বন্যা কবলিত এলাকায় ত্রাণ সহায়তা ও পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** কুমিল্লায় আদালতকক্ষে বিচারকের সামনে এক আসামি আরেক আসামিকে ছুরিকাঘাতে হত্যা করার ঘটনায় নিন্দা জানিয়ে এ ঘটনার হোতাকে দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি আদালতে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিতদের জবাবদিহিতা ও শাস্তির আওতায় আনার দাবি।

ঙ. **নিউজ টুডে :** জনগণের জন্য স্বাস্থ্যসেবা সহজলভ্য করতে স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

চ. **নিউ এজ :** শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের রেল, সড়ক ও নৌপথে যাত্রীদের অধিকার রক্ষাসহ সেবার মান বৃদ্ধি এখন সময়ের দাবি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মাছ চাষে গড়ব দেশ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মাছের উৎপাদন বৃদ্ধিতে বিজ্ঞানভিত্তিক মাছ চাষ ও ব্যবস্থাপনার কোনো বিকল্প নেই।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা